

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৯২

(কتاب تفسیر القرآن عن رسول الله ﷺ) কুরআন তাফসীর ৫০/

পরিচ্ছেদঃ সূরা আল-বাকার

بَابُ: وَمِنْ سُورَةِ الْبَقَرَةِ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غِيلَانَ، حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ آدَمَ بْنِ سُلَيْمَانَ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنْ ابْنِ عَبَّاسٍ، قَالَ لَمَّا نَزَلَتْ هَذِهِ الْآيَةُ : (إِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفُوهُ يُحَاسِبْكُمْ بِهِ اللَّهُ) قَالَ دَخَلَ قُلُوبَهُمْ مِنْهُ شَيْءٌ لَمْ يَدْخُلْ مِنْ شَيْءٍ فَقَالُوا لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ " قُولُوا سَمِعْنَا وَأَطَعْنَا " . فَأَلْقَى اللَّهُ الْإِيمَانَ فِي قُلُوبِهِمْ فَأَنْزَلَ اللَّهُ : (آمَنَ الرَّسُولُ بِمَا أُنْزِلَ إِلَيْهِ مِنْ رَبِّهِ وَالْمُؤْمِنُونَ) الْآيَةُ : (لَا يُكَلِّفُ اللَّهُ نَفْسًا إِلَّا وُسْعَهَا لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا اكْتَسَبَتْ رَبَّنَا لَا تُؤَاخِذْنَا إِنْ نَسِينَا أَوْ أَخْطَأْنَا) قَالَ " قَدْ فَعَلْتُ " (رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَا إَصْرًا كَمَا حَمَلْتَهُ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِنَا) قَالَ " قَدْ فَعَلْتُ " . (رَبَّنَا وَلَا تَحْمِلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهِ وَاعْفُ عَنَّا وَارْحَمْنَا) الْآيَةُ قَالَ " قَدْ فَعَلْتُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ وَقَدْ رُوِيَ هَذَا مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ عَنْ ابْنِ عَبَّاسٍ وَآدَمَ بْنِ سُلَيْمَانَ هُوَ وَالِدُ يَحْيَى بْنِ آدَمَ . وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ .

বাংলা

২৯৯২ মাহমুদ ইবন গায়লান (রহঃ) ... ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ

إِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفُوهُ يُحَاسِبْكُمْ بِهِ اللَّهُ

(২ঃ ২৮৪) আয়াতটি নাযিল হলে সাহাবীদের অন্তরে এত চিন্তার উদ্বেক হল যে, আর কোন বিষয়ে তাদের এত চিন্তা কখনও হয় নি। তাঁরা বিষয়টি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে উল্লেখ করলেন। তিনি বললেনঃ তোমরা বল, আমরা শুনলাম এবং আমরা আনুগত্য স্বীকার করলাম। আল্লাহ্ তা'আলা তাঁদের হৃদয়ে ঈমান ঢেলে দিলেন। তারপর নাযিল করলেনঃ

آمَنَ الرَّسُولُ بِمَا أُنْزِلَ إِلَيْهِ مِنْ رَبِّهِ وَالْمُؤْمِنُونَ

”রাসূল তাঁর প্রতি তার রবের পক্ষ থেকে যা নাযিল হয়েছে তাতে ইমান এনেছেন এবং মু’মিনগণও (২ঃ ২৮৬)।

আল্লাহ্ বললেনঃ এটি কবুল করলাম।

হে রব, আমাদের পূর্ববর্তীদের উপর যেমন গুরু দায়িত্ব অর্পণ করেছিলে আমাদের উপর তেমন গুরু দায়িত্ব অর্পণ করো না (২ঃ ২৮৬)।

আল্লাহ্ বললেনঃ কবুল করলাম।

”হে রব, আমাদের উপর এমন বোঝা দিয়ো না যা বহন করার শক্তি আমাদের নেই। আমাদের পাপ মুছে দাও। আমাদের মাফ কর। আমাদের উপর রহম কর। তুমিই তো আমাদের মালিক। সুতরাং কাফির কওমের উপর আমাদের বিজয় দাও (২ঃ ২৮৬)।”

সহীহ, মুসলিম ১/৮১, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৯২ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে একাধিক সূত্রে এটি বর্ণিত আছে। এই বিষয়ে আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে।

কথিত আছে যে, আদম ইবন সুলায়মান (রহঃ) হলেন ইয়াহুইয়া ইবন আদম (রহঃ) এর পিতা।

English

Narrated Ibn 'Abbas:

"When this Ayah was revealed: And whether you disclose what is in yourselves or conceal it, Allah will call you to account for it (2:284). Somethings entered their hearts that had not entered before. So they mentioned that to the Prophet (ﷺ) and he said: 'Say: "We hear and we obey." So Allah put faith into their hearts and Allah Blessed and Most High revealed the Ayah: The Messenger believes in what has been sent down to him from his Lord, and (so do) the believers (and) Allah does not burden a soul beyond what it can bear, for it is what it has earned and against it is what it has wrought. "Our Lord! Punish us not if we forget or fall into error (2:286)." He said: 'I have done so (as requested).' Our Lord! Lay not upon us a burden like that which You did upon those before us. He said: ['I have done so (as requested).'] Our Lord! Put not a burden upon us greater than we have strength for. Pardon us and grant us forgiveness. Have mercy on us

(2:286). He said: 'I have done so (as requested).''

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38344>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন